

যুগান্তর

আমতলী সরকারি কলেজের অধ্যক্ষ জেলহাজতে

প্রকাশ : ১৪ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলী সরকারি কলেজের অধ্যক্ষ মো. মজিবুর রহমানকে অর্থ আত্মসাৎ ও প্রতারণা মামলায় মঙ্গলবার জেলহাজতে প্রেরণ করেছেন আদালত। পাথরঘাটা সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো. মঞ্জুরুল ইসলাম এ আদেশ দেন। জানা গেছে, ২০১৬ সালে ৭ এপ্রিল আমতলী ডিগ্রি কলেজ জাতীয়করণের প্রজ্ঞাপন জারি হয়। ওই সময়ে কলেজ জাতীয়করণ হলেও শিক্ষক-কর্মচারী জাতীয়করণ হয়নি। শিক্ষক ও কর্মচারীদের জাতীয়করণের কথা বলে ২০১৭ সালের শুরুতে অধ্যক্ষ মজিবুর রহমান তাদের কাছ থেকে ১৭ লাখ ৬০ হাজার টাকা চাঁদা উত্তোলন করেন। কিন্তু অধ্যক্ষ উত্তোলনকৃত টাকা দিয়ে কোনো কাজ করেনি বলে অভিযোগ শিক্ষক-কর্মচারীদের। তাদের অভিযোগ অধ্যক্ষ এ টাকা আত্মসাৎ করেছেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।